গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৭৩.২৩/২৮

তারিখঃ ২৫ অগ্রহায়ণ, ১৪৩০ / ১০ ডিসেম্বর, ২০২৩

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নীতিমালা।**

উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের ধারাবাহিকতা বজায় রেখে মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্য নিরসন এবং জনগণের জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই ২০২০-জুন ২০২৫), বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ প্রণয়ন করা হয়েছে। এ সকল দীর্ঘ ও মধ্যমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন করার অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)। বিদ্যমান সম্পদের সুষম বন্টনের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)ভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে চাহিদা ও বরাদ্দের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য প্রতি বছরের ন্যায় ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের সময় ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহে প্রদত্ত বরাদ্দ সংশোধন, আরএডিপি'তে অন্তর্ভুক্তিযোগ্য অনুমোদিত নতুন প্রকল্পে বরাদ্দ প্রদান এবং আরএডিপি'তে অননুমোদিত নতুন প্রকল্প ও বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে নতুন প্রকল্প অন্তর্ভুক্তিসহ অন্যান্য ক্ষেত্রে এ নীতিমালায় বর্ণিত নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

**২। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'র আকার ও অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর/প্রকল্পভিত্তিক বরাদ্দ নির্ধারণ এবং অনুমোদন প্রক্রিয়া:**

২.১ নতুন অনুমোদিত ও চলমান প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দের প্রাথমিক চাহিদা **ADP/RADP Management System (AMS)** এর মাধ্যমে সকল প্রকল্প দপ্তর নিজ নিজ বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহের যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক (প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে) AMS এর মাধ্যমে প্রকল্পভিত্তিক প্রাথমিক চাহিদা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এছাড়া, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ (স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়) তাদের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতসমূহের অনুকূলে প্রাথমিক বরাদ্দ চাহিদা যথারীতি AMS-এর মাধ্যমে **সরাসরি** কার্যক্রম বিভাগে প্রেরণ করবে।

২.২ দেশের বিদ্যমান সামষ্টিক অর্থনৈতিক অবস্থা বিশেষতঃ অর্থনৈতিক প্রবৃদ্ধি, মুদ্রাস্ফীতি, সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগ চাহিদা, সম্পদের সীমাবদ্ধতা, স্থানীয় সম্পদ সংগ্রহ এবং বৈদেশিক অর্থায়ন প্রাপ্তি ও ব্যবহারের সক্ষমতা, অর্থ ব্যয়ের ধারা ও সামষ্টিক অর্থনৈতিক বাস্তবতা ইত্যাদি বিবেচনায় নিয়ে অর্থ বিভাগ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার (জিওবি ও প্রকল্প ঋণ/অনুদান) নির্ধারণ করে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে। এছাড়া অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আরএডিপি'র জন্য সেক্টর ও প্রকল্পভিত্তিক ঋণ/অনুদান, জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (ডিআরজিএসিএফ) এর বরাদ্দ নির্ধারণপূর্বক কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে।

২.৩ অর্থ বিভাগ হতে আরএডিপি'র মোট আকার প্রাপ্তির পর কার্যক্রম বিভাগ চলমান প্রকল্পসমূহের প্রাথমিক চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সেক্টর ভিত্তিক অগ্রাধিকার ইত্যাদি বিবেচনায় নিয়ে অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর ভিত্তিক এবং মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ বিভাজন করে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করবে।

২.৪ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরের আওতায় মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বরাদ্দ বিভাজন বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক চাহিদা প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পভিত্তিক চাহিদা চূড়ান্ত করবে। অতঃপর পুন:নির্ধারিত চূড়ান্ত চাহিদা প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগ **নির্ধারিত তারিখের মধ্যে** AMS-এ অন্তর্ভুক্তি/হালনাগাদপূর্বক পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ AMS-এর মাধ্যমে তা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। একই

সাথে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ চূড়ান্ত চাহিদা প্রস্তাবের স্বাক্ষরিত একটি কপি **নির্ধারিত তারিখের মধ্যে** কার্যক্রম বিভাগে এবং আরেকটি কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে এবং তা যৌক্তিক মর্মে বিবেচিত হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারে।

২.৫ কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পভিত্তিক পুন:নির্ধারিত বরাদ্দ এবং উন্নয়ন সহায়তা বাবদ প্রস্তাবিত বরাদ্দ ও অন্যান্য তথ্য সংকলন করে খসড়া আরএডিপি প্রণয়ন করা হয়। প্রস্তুতকৃত খসড়া আরএডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভার সুপারিশক্রমে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের পর আরএডিপি চূড়ান্ত করা হয়।

৩। **প্রকল্পভিত্তিক (চলমান ও নতুন অনুমোদিত প্রকল্প) অর্থ বরাদ্দের (কোড ও সাবকোড ভিত্তিক) চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নির্দেশাবলি:**

৩.১ আরএডিপি প্রণয়ন নীতিমালায় বর্ণিত সময়সীমা অনুসরণপূর্বক AMS-এর মাধ্যমে প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (প্রকল্প পরিচালকের দপ্তর থেকে বাস্তবায়নকারী সংস্থায়, বাস্তবায়নকারী সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) বরাদ্দের জন্য চাহিদা প্রস্তাব করতে হবে। নীতিমালায় বর্ণিত সময় অতিক্রান্ত হলে AMS-এর মাধ্যমে তথ্যাদি প্রেরণের সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যায় বিধায় নির্ধারিত সময়ের মধ্যেই যাবতীয় তথ্য AMS-এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে;

৩.২ দারিদ্র নিরসন, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃজন ও আয়বৃদ্ধির সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব করতে হবে;

৩.৩ বিদ্যমান বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় রেখে আরএডিপি'তে খাদ্য নিরাপত্তার লক্ষ্যে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ খাত এবং প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, অতিবৃষ্টি, অনাবৃষ্টি ইত্যাদির ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পে অর্থ বরাদ্দের চাহিদা প্রদানে অগ্রাধিকার দিতে হবে;

৩.৪ অর্থ বরাদ্দের চাহিদা প্রদানে সরকারি - বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক প্রকল্প (Link Project) গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে;

৩.৫ এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহে অর্থ বরাদ্দের চাহিদা প্রদান নিশ্চিত করতে হবে;

৩.৬ সম্পদের সীমাবদ্ধতা বিবেচনা করে আরএডিপি'তে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প সমাপ্ত করার উপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৩.৭ অনুমোদিত প্রকল্প দলিলে প্রাইস কন্টিনজেন্সি ও ফিজিক্যাল কন্টিনজেন্সি খাতে সংস্থানকৃত অর্থ 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা' অনুসরণ করে ব্যয় প্রস্তাব করতে হবে। বিদ্যমান নির্দেশিকা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ডিপিপি'র সংস্থান পরিবর্তন ব্যতিরেকে এ খাতের অর্থ প্রকল্পের অনুকূলে অন্য কোন খাতে বরাদ্দের প্রস্তাব করা যাবে না;

৩.৮ আরএডিপি'র সেক্টর/সাব-সেক্টর এর নির্ধারিত স্থানীয় মুদ্রায় মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে অগ্রাধিকার বিবেচনায় নিজস্ব মন্ত্রণালয়/বিভাগের আন্তঃ প্রকল্পে অর্থ বরাদ্দের চাহিদা সমন্বয় করা যাবে;

৩.৯ বৈদেশিক অর্থায়ন সংশ্লিষ্ট প্রকল্পে (ঋণ/অনুদান চুক্তি স্বাক্ষরিত/ ঋণ/অনুদান প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) চলতি অর্থবছরে প্রাপ্ত বৈদেশিক ঋণ/অনুদান ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

৩.১০ জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (ডিআরজিএসিএফ) ইআরডি কর্তৃক প্রকল্প ঋণ/অনুদান হিসেবে উল্লেখ করা না হলে স্থানীয় উৎস হিসেবে বিবেচিত হবে;

৩.১১ যে সকল প্রকল্পে জিওবি বা প্রকল্প ঋণ/অনুদান এর পাশাপাশি বাস্তবায়নকারী সংস্থার (প্রত্যাশী সংস্থাসহ) অর্থায়ন সম্পৃক্ত রয়েছে সে সকল প্রকল্পের ক্ষেত্রে স্ব-অর্থায়নকৃত অর্থের বরাদ্দ প্রতিফলন করতে হবে;

৩.১২ শুধুমাত্র অনুমোদিত প্রকল্প বরাদ্দসহ আরএডিপি'তে অন্তর্ভুক্ত করা যাবে। AMS এ অন্তর্ভুক্তি ব্যতীত নতুন অনুমোদিত প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্ত বা বরাদ্দের জন্য প্রস্তাব করা যাবে না; এবং

৩.১৩ প্রকল্পভিত্তিক চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি'তে বরাদ্দের পাশাপাশি ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দের প্রক্ষেপণ AMS এ অন্তর্ভুক্ত করতে হবে।

৪। **২০২৩-২৪ অর্থবছরের মূল এডিপিভুক্ত প্রকল্পের বরাদ্দ সংশোধনের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনা:**

৪.১ প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত ব্যয়ের নিরিখে চলতি অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসারে অর্থবছরের অবশিষ্ট সময়ে সম্ভাব্য ব্যয় বিবেচনায় যুক্তিসঙ্গতভাবে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা **(ইকনমিক কোড ও সাবকোড ভিত্তিক)** প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪.২ প্রকল্পের প্রস্তাবিত অর্থ বরাদ্দের চাহিদার খাতভিত্তিক (টাকা, প্রকল্প ঋণ/অনুদান, টাকাংশ, মূলধন, রাজস্ব, সিডি ভ্যাট, নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি) অর্থ বিভাজনের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত প্রস্তাব করা যাবে না;

৪.৩ চলমান প্রকল্পে অর্থ বরাদ্দের ক্ষেত্রে ইকনমিক কোড/সাবকোড ভিত্তিক চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে। চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে তা যেন ইতোমধ্যে ছাড়কৃত (ইকনমিক কোড/সাবকোড ভিত্তিক) অর্থের তুলনায় কম না হয় এবং মোট রাজস্ব ও মূলধন পূর্ণ লক্ষ টাকায় নির্ধারিত হয়;

৪.৪ অতিরিক্ত বরাদ্দ প্রদান কিংবা উপযোজনের মাধ্যমে চলমান কোন প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হলে প্রকল্পের সংশোধিত বরাদ্দ প্রস্তাবে তা যথাযথভাবে প্রতিফলন করতে হবে;

৪.৫ চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প **আবশ্যিকভাবে চিহ্নিত** করে এ সকল প্রকল্পে প্রয়োজনীয় অর্থের চাহিদা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতিসম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্পের চাহিদা হ্রাস করে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পে প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত করতে হবে;

৪.৬ বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পে ঋণ/অনুদানের অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ বিবেচনায় রেখে যুক্তিসংগতভাবে এবং সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে স্থানীয় মুদ্রা ও প্রকল্প ঋণ/অনুদানের চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪.৭ প্রকল্প ঋণ/অনুদানের (ডিপিএল/ডিপিজি; আরপিএল/আরপিজি), ডিআরজিএ ও ডিআরজিএসিএফ চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দই (প্রকল্পের প্রাপ্যতা বিবেচনায়) চূড়ান্ত বলে গণ্য হবে;

৪.৮ সরকারের আমদানিশুল্ক ও মূল্য সংযোজন করের (সিডি ভ্যাট) বিদ্যমান হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুসারে সিডি ভ্যাট বাবদ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব করতে হবে;

৪.৯ প্রকল্পের জিওবি অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে বাস্তবতার নিরিখে তা যথাযথভাবে নির্ধারণপূর্বক আরএডিপি'তে প্রতিফলনের লক্ষ্যে প্রকল্প দলিলে সংস্থান থাকা সাপেক্ষে AMS এর বৈদেশিক মুদ্রার ঘরে **আবশ্যিকভাবে** প্রস্তাব করতে হবে; এবং

৪.১০ অনুমোদিত/সংশোধিত অননুমোদিত প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না। এছাড়া সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় প্রতিফলন করতে হবে। সংশোধিত অননুমোদিত প্রকল্প সুনির্দিষ্ট করে চিহ্নিত করতে হবে।

৫। <u>অনুমোদিত নতুন প্রকল্পে অর্থ বরাদ্দের (কোড ও সাবকোড ভিত্তিক) চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনা:</u>

৫.১ এডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত অথবা পরবর্তীতে আন্ত:মন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভায় সুপারিশসহ মাননীয় পরিকল্পনা মন্ত্রীর পূর্বানুমোদনক্রমে নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত কোন বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা প্রকল্প অনুমোদনের পর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারিঅন্তে AMS এ আপলোড করতে হবে। অতঃপর AMS এর মাধ্যমে আরএডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করে চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে;

৫.২ নতুন অনুমোদিত কোন প্রকল্পের অনুকূলে ইতোমধ্যে কোন অর্থ ছাড় করা হয়ে থাকলে আরডিপি'তে চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন তা ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়;

৫.৩ চলমান উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধুমাত্র অগ্রাধিকার নতুন প্রকল্পের জন্য চাহিদা প্রস্তাব করতে হবে;

৫.৪ বৈদেশিক অর্থায়নপুষ্ট নতুন অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প ঋণ/অনুদান বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় জিওবি ম্যাচিং ফান্ড বরাদ্দের প্রস্তাব করতে হবে; এবং

৫.৫ অনুমোদিত নতুন প্রকল্পের প্রকল্প দলিলে ভূমি অধিগ্রহণের সংস্থান থাকলে প্রথম অর্থবছরে শুধুমাত্র ভূমি অধিগ্রহণ এবং প্রকল্প শুরু করার জন্য অত্যাবশ্যকীয় কাজের জন্য আরএডিপি'তে চাহিদা প্রস্তাব করতে হবে।

৬। **আরএডিপি'তে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনা:**

৬.১ ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্পসমূহ আরএডিপি'তে অন্তর্ভুক্তির জন্য <u>নতুনভাবে প্রস্তাব প্রেরণ করতে হবে</u> এবং আরএডিপি'তে অননুমোদিত নতুন প্রকল্প সংখ্যা সীমিত রাখার দিকে লক্ষ্য রাখতে হবে। জাতীয় গুরুত্ব বিবেচনায় বিশেষ প্রয়োজনে ২০২৩-২৪ অর্থবছরের এডিপি বহির্ভূত অন্য প্রকল্পের প্রস্তাবও প্রেরণ করা যাবে। তবে সকল প্রস্তাবই আবশ্যিকভাবে **<u>AMS এর মাধ্যমে</u>** প্রেরণ করতে হবে;

৬.২ ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জন বিশেষ করে দারিদ্র নিরসন, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃজন, মানব সম্পদ উন্নয়ন, কৃষি, শিল্প ও সেবা খাতে প্রবৃদ্ধি, বিদ্যুৎ, জ্বালানি ও অবকাঠামো উন্নয়ন, তথ্য প্রযুক্তির উন্নয়ন, লিঙ্গ সংবেদনশীলতা, আয় বৈষম্য হ্রাস, সামাজিক সুরক্ষা, ঝুঁকি সচেতনতা বৃদ্ধি, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবেশগত টেকসই উন্নয়ন ইত্যাদি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে;

৬.৩ গত ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত Green Climate Resilient Development (GCRD) গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে। এছাড়া জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের লক্ষ্যে Mujib Climate Prosperity Plan 2022-2041 ও National Adaptation Plan (NAP) এবং Nationally Determined Contribution (NDC) এর আলোকে গৃহীত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;

৬.৪ জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য বৈশ্বিক ও জাতীয় তহবিল হতে অর্থায়ন (Green Climate Fund, Adaptation Fund, BCCTF ইত্যাদি) প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। এডিপিতে এধরণের প্রকল্প প্রস্তাব করা হলে Bangladesh Climate Change Trust Fund (BCCTF) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;

৬.৫ যে সকল প্রকল্প প্রতিবেশগত সংকটাপন্ন এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা-২০২৩ এবং প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৬.৬ জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৬.৭ বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনায় (Delta-Plan) চিহ্নিত প্রকল্পকে সম্পদ প্রাপ্তিসাপেক্ষে এবং প্রেক্ষিত পরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৬.৮ যে সকল বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে। সেক্ষেত্রে সমীক্ষা প্রতিবেদনের সার-সংক্ষেপ ও সুপারিশ প্রকল্প প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে;

৬.৯ সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় রেখে একান্ত অপরিহার্য এবং উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত না হলে জিওবি অর্থায়নে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব সাধারণভাবে পরিহার করতে হবে।

৬.১০ বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৬.১১ সীমিত সম্পদের সুষ্ঠু বাস্তবভিত্তিক ব্যবহার নিশ্চিতকরণে আবশ্যিকভাবে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় মন্ত্রণালয়/বিভাগের জন্য নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রকল্প গ্রহণ করতে হবে;

৬.১২ যে সকল বিনিয়োগ প্রকল্পে সরকারের অর্থায়নের পাশাপাশি সংস্থার নিজস্ব অর্থায়নের সংস্থান থাকবে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৬.১৩ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক অননুমোদিত নতুন প্রকল্প (Link Project) গ্রহণে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৬.১৪ নতুন কোন প্রতিষ্ঠান (প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) নির্মাণ বা প্রতিষ্ঠা সংক্রান্ত প্রকল্প গ্রহণের পূর্বে বিদ্যমান একই প্রকৃতির প্রতিষ্ঠানসমূহের কর্মক্ষমতা, কার্যকারিতা ও ভৌগোলিক অবস্থানসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি পর্যালোচনাপূর্বক যৌক্তিকতা বিবেচনায় প্রকল্প প্রস্তাব করতে হবে;

৬.১৫ ০১ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত এনইসি'র সিদ্ধান্ত অনুযায়ী জিও-এনজিও যৌথ উদ্যোগে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প প্রস্তাব করা যাবে না। এছাড়া জিও এনজিও যৌথ উদ্যোগে উদ্বুদ্ধকরণ/সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্প গ্রহণকে নিরুৎসাহিত করতে হবে;

৬.১৬ প্রস্তাবিত প্রকল্পটির উদ্দেশ্য ও কার্যক্রম সরকারের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের লক্ষ্যমাত্রা, জাতিসংঘ ঘোষিত এসডিজি'র অভীষ্ট ও লক্ষ্যমাত্রা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের এলোকেশন অব বিজনেস-এর সাথে সংযোগ স্থাপনপূর্বক প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা এবং মধ্যমেয়াদি বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপন ও চলমান প্রকল্পের দায় বিবেচনায় প্রকল্পটিতে কীভাবে অর্থায়ন করা হবে তা সুস্পষ্টভাবে **মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS এর 'মন্তব্য'** বক্সে লিপিবদ্ধ করতে হবে;

৬.১৭ মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাব সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং অন্যান্য নীতি কৌশলের আলোকে আর্থ-সামাজিক উন্নয়নে প্রস্তাবিত প্রকল্পটির প্রভাব বিশ্লেষণ এবং অর্থায়নের সম্ভাব্য পরিকল্পনাসহ প্রকল্পটি গ্রহণ বা বাতিলের স্বপক্ষে যৌক্তিকতা/মতামত সুস্পষ্টভাবে **পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ কর্তৃক AMS এর 'মন্তব্য'** বক্সে লিপিবদ্ধ করতে হবে;

৬.১৮ যে সকল প্রকল্প প্রস্তাবের অনুমোদন প্রক্রিয়াকরণ কার্যক্রম অগ্রসর পর্যায়ে রয়েছে (অনুমোদনের জন্য উপস্থাপিত, পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত ইত্যাদি) এ সকল প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করে ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি'তে নতুন অননুমোদিত প্রকল্প হিসেবে প্রস্তাব করা যাবে। উল্লেখ্য, **প্রকল্প দলিল প্রণীত হয়নি এমন কোন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;**

৬.১৯ তাছাড়া, অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

- এডিপি'তে যেসব অননুমোদিত নতুন প্রকল্পের প্রকল্প দলিল অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য ২১ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়া যাবে শুধুমাত্র সেসব প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা

যাবে। যে সকল প্রকল্পের প্রকল্প দলিল পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়ার পর মন্ত্রণালয়/ বিভাগে ফেরৎ প্রদান করা হয়েছে ঐ সকল প্রকল্পের প্রকল্প দলিল পরিকল্পনা কমিশনে পাওয়া যায়নি মর্মে বিবেচিত হবে;

- কোন প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদিত না হয়ে থাকলে সে প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব (যদি থাকে) পৃথকভাবে প্রণয়ন না করে সেগুলোকে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে; এবং
- এডিপিভুক্ত অননুমোদিত নতুন প্রকল্পের মধ্যে কম অগ্রাধিকারপ্রাপ্ত/কম গুরুত্বপূর্ণ প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে।

৭। **বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে অননুমোদিত নতুন প্রকল্প:**

বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে। বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত হয়েছে এমন অননুমোদিত নুতন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৮। **সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প:**

সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ আরএডিপি'তে যথাযথভাবে প্রতিফলনের জন্য প্রয়োজনীয় তথ্যসহ AMS এর মাধ্যমে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে।

৯। **২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প:**

৯.১ গত ১১ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত এনইসি সভায় জুন ২০২৩ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত ৩৩টি প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করে সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে এই অর্থবছরেই আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। এনইসি সভার সিদ্ধান্ত অনুসারে ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্ত সমাপ্তির জন্য নির্ধারিত ৩৩টি প্রকল্প আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে এবং মেয়াদ বৃদ্ধি করা যাবে না;

৯.২ ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'র সম্ভাব্য সমাপ্য প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত ৩৪৬টি প্রকল্পের তথ্য হালনাগাদ করতে হবে;

৯.৩ ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'তে অন্তর্ভুক্ত যে সকল প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত না থাকা সত্ত্বেও সমাপ্ত করা সম্ভব হবে সে সকল প্রকল্প AMS এ **সঠিকভাবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে**; এবং

৯.৪ উপ অনুচ্ছেদ ৯.১-৯.৩ অনুযায়ী যে সকল প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারণ করা হবে সে সকল প্রকল্পের ক্ষেত্রে AMS এ সমাপ্তির জন্য নির্ধারিত বক্সটি **সঠিকভাবে চিহ্নিত করে প্রেরণ করতে** হবে। একই সাথে **হার্ডকপির মাধ্যমে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের তালিকা আবশ্যিকভাবে ৩১/০১/২০২৪ তারিখের মধ্যে কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে।**

১০। এডিপি'তে সংযুক্ত সরকারি-বেসরকারি অংশীদারিত্বের **(PPP)** ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প তালিকা প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ক' অনুসারে হার্ডকপিসহ সফটকপিতে (sdbmddb@gmail.com) প্রেরণ করতে হবে।

১১। 'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের' আওতায় গৃহীত প্রকল্পসমূহ সরকারি বিনিয়োগের অংশ হিসেবে আরএডিপি'তে প্রতিফলনের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'খ' অনুসারে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হার্ডকপিসহ সফটকপিতে (sdbmddb@gmail.com) প্রেরণ করবে।

১২। ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি:

| (ক) AMS সিস্টেমের মাধ্যমে অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, নিজস্ব অর্থায়ন ও বৈদেশিক অর্থায়নপুষ্ট) আবশ্যিকভাবে AMS সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ২৭/১২/২০২৩ |
| ২ | মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, নিজস্ব অর্থায়ন ও বৈদেশিক অর্থায়নপুষ্ট) উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পরিবর্তন/ সংশোধনপূর্বক আবশ্যিকভাবে AMS সিস্টেমের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ০৩/০১/২০২৪ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, নিজস্ব অর্থায়ন ও বৈদেশিক অর্থায়নপুষ্ট) আরএডিপি প্রণয়নের নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে আবশ্যিকভাবে AMS সিস্টেমের মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ১০/০১/২০২৪ |

| (খ) AMS সিস্টেমের মাধ্যমে চলমান ও নতুন অনুমোদিত (বিনিয়োগ, সমীক্ষা, কারিগরি ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) প্রকল্পের অনুকূলে চাহিদা প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালকের দপ্তর প্রকল্পের অগ্রাধিকার ও বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে অর্থনৈতিক কোডভিত্তিক চাহিদা AMS সিস্টেমে এন্ট্রি করে স্ব স্ব বাস্তবায়নকারী সংস্থা বরাবরে প্রেরণ করবে। | ২০/১২/২০২৩ |
| ২ | প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ প্রাপ্ত কোডভিত্তিক প্রকল্পের চাহিদা যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS সিস্টেমে এন্ট্রি করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ২৭/১২/২০২৩ |
| ৩ | সকল মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পের কোডভিত্তিক চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS সিস্টেমে এন্ট্রি করে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ০৩/০১/২০২৪ |
| ৪ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পের কোডভিত্তিক চাহিদা নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পভিত্তিক চাহিদা নির্ধারণপূর্বক AMS সিস্টেমের মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ১০/০১/২০২৪ |

১৩। উপরিউক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-১১) এবং অনুচ্ছেদ-১২ (ক-খ) এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি'র জন্য চাহিত সকল তথ্যাদি কার্যক্রম বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত AMS সংক্রান্ত পত্রের নির্দেশসমূহ অনুসরণ করে আবশ্যিকভাবে AMS (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১০/১২/২৩

(সত্যজিত কর্মকার)
সদস্য (সচিব)
কার্যক্রম বিভাগ

সিনিয়র সচিব/সচিব

............................................................ মন্ত্রণালয়/বিভাগ।

...........................................................................।

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৭৩.২৩/২৮

তারিখঃ ২৫ অগ্রহায়ণ, ১৪৩০
১০ ডিসেম্বর, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান (সকল),পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, এসডিবিএম প্রকল্প, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।

১০.১২.২৩

(হাসিনা আক্তার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৭১৯

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৭৩.২৩/ ২৮

তারিখঃ ২৫ অগ্রহায়ণ, ১৪৩০ / ১০ ডিসেম্বর, ২০২৩

অনুলিপি: (২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাব যথাসময়ে AMS এর মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)

১। মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/ মহাপরিচালক/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক

--------------------------------------------------------------------------------------------------------।

১০.১২.২৩

(হাসিনা আক্তার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৭১৯

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ------------------------------, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা **[২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নীতিমালাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]।**

*২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নীতিমালাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) পাওয়া যাবে।

## ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ
বাস্তবায়নকারী সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ছক-'খ'

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের তথ্য:

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ | বাস্তবায়নকারী সংস্থা | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রাক্কলিত ব্যয় | প্রকল্প এলাকা | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল কর্ম পরিকল্পনার কোন থিমেটিক এরিয়ার সাথে সম্পৃক্ত |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |